# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৭৪

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

## الفصل الاول (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

### আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الدَّجَّالُ أَعْوَرُ الْعَيْنِ الْيُسْرَى جُفَالُ الشَّعَرِ مَعَهُ جَنَّتُهُ وَنَارُهُ فَنَارُهُ جَنَّةٌ وَجَنَّتُهُ نَارٌ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (104 / 2934)، (7366) ـ
(صَحِيح)

### বাংলা

৫৪৭৪-[১১] উক্ত রাবী [হুযায়ফাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: দাজ্জালের বাম চোখ কানা, মাথার কেশ অত্যধিক। তার সঙ্গে থাকবে তার জান্নাত ও জাহান্নাম। বাস্তবে তার জাহান্নাম হবে জান্নাত এবং জান্নাত হবে জাহান্নাম। (মুসলিম)

### ফুটনোট

সহীহ: মুসলিম ১০৪-(২৯৩৪), ইবনু মাজাহ ৪০৭১, সহীহুল জামি ৩৪০০, মুসনাদে আহমাদ ২৩২৯৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (لدَّجَّالُ أَعْوَرُ الْعَيْنِ الْيُسْرَى) দাজ্জালের বাম চক্ষু ত্রুটিযুক্ত। অন্য বর্ণনায় আছে, (أَعْوَرُالْعَيْنِ الْيُمْنَى)তার ডান চক্ষু ত্রুটিপূর্ণ। আবার বলা হয়েছে, (مَمْسُو حُ إِحْدَى عَيْنَيْهِ) তার দুটি চোখের একটি কপালের ন্যায় সমান থাকবে। এ সমস্ত বর্ণনার সমন্বয়ে বলা যায়, মূলত তার একচোখ নেই আর অপর চোখ ত্রুটিপূর্ণ। তাই বলা যায়, তার উভয় চোখই ত্রুটিপূর্ণ। অথবা বলা যায়, তার চোখের ত্রুটি বিভিন্ন লোকের নিকট বিভিন্নভাবে প্রকাশ পাবে। কোন কোন লোক দেখবে তার বাম চক্ষু ত্রুটিপূর্ণ, আবার কোন লোক দেখবে তার ডান চক্ষু ত্রুটিপূর্ণ যা দ্বারা

প্রমাণিত হবে সে ত্রুটিপূর্ণ এবং তার দাবীতে একজন মিথ্যাবাদী ব্যক্তি। ভাষ্যকার বলেন, এখানে সম্ভাবনা রয়েছে বর্ণনাকারী হয়তো ভুলে গেছেন। যার কারণে বর্ণনার ভিন্নতা হয়েছে।

(جُفَالُ الشَّعَرِ) তার মাথায় ঘন চুল থাকবে। আর তার কাছে জান্নাত ও জাহান্নামের আগুন থাকবে। তার আগুন হবে মূলত জান্নাত আর জান্নাত হবে আগুন। (মিকাতুল মাফাতীহ ৫৪৭৪, শারহুন নাবাবী ১৮/২৯৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85452

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন